



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

Website: www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩১.২২-২৭

তারিখ: ১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২ সালের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে গণসচেতনতা সৃষ্টি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ থেকে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীগণের অবশ্য পালনীয় নির্দেশাবলী:

- (ক) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করতে হবে।
- (খ) কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস বা নকল নিয়ে পরীক্ষা কেন্দ্রে আসা যাবে না।
- (গ) সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ার চেষ্টা করা যাবে না।
- (ঘ) পরীক্ষার হলে দায়িত্বরত কক্ষ পরিদর্শীর সাথে অসদাচরণ বা কটুক্তি করা যাবে না।
- (ঙ) পরীক্ষার হলে নকল করাসহ কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি করা যাবে না।

উল্লিখিত বিষয়সমূহের সাথে সংশ্লিষ্টতা পাওয়া গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিম্নোক্ত ধারায় শাস্তি প্রদান করা হবে:

১. পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০।
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬।
৩. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮।
৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত শৃঙ্খলাবিধি ও উপবিধি অনুযায়ী।

বিষয়টি অতীব জরুরী।

স্বা/-

(মোঃ কেপায়েত উল্লাহ)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাশে কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫০০৬৫২৫ (অফিস)।

তারিখ: ১৩ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩১.২২-২৭(১১)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ : অতিরিক্ত-সচিব (কারিগরি)]
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
- ৩। জেলা প্রশাসক (সকল)।
- ৪-৭। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সংশ্লিষ্ট নথি।

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)

ফোন: ০২-৫০০৬৫২৭ (অফিস)।